

## কয়েক মাসের মধ্যেই নয়া শিক্ষানীতি উপহার দেয়া হবে

শিক্ষামন্ত্রী

নিজস্ব বার্তা পরিবেশক

শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ বলেছেন, আগামী কয়েক মাসের মধ্যেই জাতিকে একটি নতুন শিক্ষানীতি উপহার দেয়া হবে। 'কুদরত-ই-খুদা' শিক্ষা কমিশনের আলোকে ২০০০ সালে প্রণীত শিক্ষানীতিকে যুগোপযোগী করে নতুন নীতি প্রণয়ন করা হবে।

গতকাল মঙ্গলবার 'আগারগাঁওয়ের বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনে ইউনেস্কো, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন ও পরিকল্পনা মন্ত্রণালয় যৌথভাবে আয়োজিত নৈতিক শিক্ষা বিষয়ক এক কর্মশালা উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। ইউনেস্কোর ঢাকার পরিচালক ড. মালামা মালিসার সভাপতিত্বে অনুষ্ঠিত এ কর্মশালায় বিশ্ববিদ্যালয়ের মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক নজরুল ইসলামও বক্তব্য রাখেন।

শিক্ষামন্ত্রী আরও বলেন, বর্তমান সরকার অন্য সরকারের সময় প্রণীত শিক্ষা কমিশন ও শিক্ষানীতির প্রয়োজনীয় বিষয়গুলোকেও নতুন শিক্ষানীতিতে অন্তর্ভুক্ত করবে। তিনি বলেন, নৈতিক শিক্ষা ছাড়া কোন ভাল কিছুই করা সম্ভব নয়।